গোপনীয়

রেজিঃ উইথ এ/ডি

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd

নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩০০.০৪-৩০৮

তারিখঃ ২৮-০৫-১৪২৯ বঃ
১২-০৯-২০২২ খ্রিঃ

বিষয়ঃ চাকরি হতে "বরখাস্ত" (dismissal from service) দন্ড আরোপের লক্ষ্যে কারণ দর্শানো প্রসংগে।

আপনাকে এ মর্মে অবহিত করা যাচ্ছে যে, আপনি জনাব মোঃ আজিজুর রহমান, পিতা- জনাব মহব্বত আলী হাওলাদার, গ্রাম- আলেকান্দা, পোঃ বরিশাল, থানা-কোতয়ালী, জেলা-বরিশাল এর বিরুদ্ধে বরিশাল যান্ত্রিক বিভাগ (বিএডিসি), বাপাউবো, বরিশাল এর স্মারক নং- এডিসি/বিআইপি/এ-১৪/২৫৪(৫), তারিখ ০৪-০২-১৯৮২ খ্রিঃ এর মাধ্যমে মাষ্টাররোল স্পীডবোট চালক হিসেবে বোর্ডের চাকরিতে নিয়োগ প্রাপ্ত হন। আপনি উক্ত নিয়োগাদেশ মোতাবেক ঐ দিনই কাজে যোগদান করেন। কাজে যোগদানের ২ মাস পর আপনি পারিবারিক প্রয়োজনে বিগত ০৬-০৪-১৯৮২ খ্রিঃ হতে ৩০-০৪-১৯৮২ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ২৫ দিনের ছুটির জন্য সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর নিকট আবেদন করেন এবং ছুটি কালীন সময়ে আপনার ভাই কথিত হাফিজুর রহমান বদলী দায়িত্ব পালন করবেন মর্মে ছুটির আবেদনপত্রে উল্লেখ করেন। কিন্তু রেকর্ড পত্রে দেখা যায় হাফিজুর রহমান নামে আপনার কোন ভাই নাই। আপনার উক্ত আবেদন মোতাবেক ছুটি ভোগকালীন সময়ে আপনার ভাই হিসেবে প্রকৃত পক্ষে জনাব মোঃ আফিজুর রহমান বদলী দায়িত্ব পালন করতে থাকেন।

২। রেকর্ডপত্র হতে আরও দেখা যায়, উল্লেখিত ২৫ দিন ছুটি ভোগ শেষে আপনি জনাব মোঃ আজিজুর রহমান চাকরিতে যোগদান না করে অদ্যাবধি অননুমোদিতভাবে অনুপস্থিত তথা পলাতক আছেন। তাছাড়া আপনার ছুটির মেয়াদ শেষ হওয়ার পর বদলী দায়িত্ব পালনকারী হিসেবে আপনার ভাইয়েরও (মোঃ আফিজুর রহমানের) আর কর্মে নিয়োজিত থাকার কথা নয়। কিন্তু প্রকৃতপক্ষে বদলী দায়িত্ব পালনকারী হিসেবে আপনার ভাই তথাকথিত জনাব আফিজুর রহমানই আজিজুর রহমান নামে ভূয়া পরিচয়ে স্পীডবোট চালক হিসেবে বোর্ডের চাকরি করতে থাকেন এবং আজিজুর রহমানের নামে স্বাক্ষর প্রদান পূর্বক বেতন ভাতাদি গ্রহণ করেন, যা সম্পূর্ণরূপে প্রতারণা ও জালিয়াতিমূলক কর্মকান্ডের আওতাভূক্ত।

৩। আরও দেখা যায়, জনৈক জনাব আফিজুর রহমান, মোঃ আজিজুর রহমান এর নামে চাকরি করছেন মর্মে উত্থাপিত অভিযোগের প্রেক্ষিতে বিষয়টি তদন্ত করার জন্য বোর্ড কর্তৃক স্মারক নং-২১৭-পাউবো(কপ)/বি-৩/২ব-২৪০/২০০১, তাং-২৯-০৬-২০০৩ ইং এর মাধ্যমে ০২ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়। উক্ত তদন্ত কমিটির নিকট আপনার ভাই নিজেকে আজিজুর রহমান হিসেবে বিগত ২৯-১২-২০০৩ ইং তারিখে যে জবানবন্দি প্রদান করেন তাতে তার বড় ছেলে মোঃ মুনিম রহমানকে উদয়ন মাধ্যমিক বিদ্যালয়, বরিশাল এর ৫ম শ্রেণির ছাত্র বলে উল্লেখ করেন। কিন্তু উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক কর্তৃক স্মারক নং-ড-০৮/০৪, তাং-৩১-০৩-২০০৪ ইং এর মাধ্যমে প্রদত্ত প্রত্যয়নপত্র হতে দেখা যায় উল্লেখিত বিদ্যালয়ে ২০০৩ ইং সনে ৫ম শ্রেণিতে অধ্যয়নরত (পরবর্তীতে ৬ষ্ঠ শ্রেণি, ময়ূর শাখা, রোল-১৩) মুনিম রহমান সাভান, পিতা-আফিজুর রহমান তুহীন, পেশা-ব্যবসা, দক্ষিণ আলেকান্দা, আর্শেদ আলী সড়ক, বরিশাল উল্লেখ আছে। মূলতঃ আপনার ভাই জনাব আফিজুর রহমান নিজেকে তদন্ত কর্মকর্তার নিকট জনাব আজিজুর রহমান হিসেবে প্রমাণ করার জন্যে তার ছেলে মুনিম রহমান এর পিতার নাম আজিজুর রহমান উল্লেখ পূর্বক বিভ্রান্তিকর তথ্য প্রদান করে মিথ্যাকে প্রতিষ্ঠিত করার অপচেষ্টা করছেন যা গুরুতর অপরাধের পর্যায়ভূক্ত।

৪। উপরোক্ত ঘটনা হতে স্পষ্টতঃই প্রতীয়মান হয় যে, আপনি জনাব মোঃ আজিজুর রহমান, সাবেক স্পীডবোট চালক ছুটিতে গমন করে আর বোর্ডের চাকরিতে যোগদান না করে অদ্যাবধি পলাতক আছেন। তাছাড়া আপনার ছুটিকালীন সময়ে আপনার ভাই হিসেবে বদলী দায়িত্ব পালনকারী তথাকথিত জনাব আফিজুর রহমানই আপনার নামে (আজিজুর রহমান) পরিচয়ে বোর্ডের চাকরিতে কর্মরত রয়েছেন এবং প্রতারণা ও জালিয়াতির মাধ্যমে মাষ্টাররোল হতে নিয়মিত হওয়া, পদোন্নতি প্রাপ্তিসহ চাকরিগত সকল সুযোগ সুবিধা গ্রহণ করে ১৯৮২ সাল হতে অদ্যাবধি অবৈধভাবে চাকরিতে বহাল থেকে বেতন ভাতা ও অন্যান্য সুবিধাদি অবৈধভাবে গ্রহণ করে বোর্ডের লক্ষ লক্ষ টাকা আত্মসাত করেছেন। অর্থাৎ আপনি জনাব আজিজুর রহমান নিজে বোর্ডের চাকরিতে যোগদান না করে অদ্যাবধি আপনার স্থলে প্রকৃতপক্ষে আপনার ভাইকে জালিয়াতির মাধ্যমে চাকরি করার সুযোগ প্রদান করে গুরুতর অপরাধ করেছেন।

৫। যেহেতু, আপনি জনাব মোঃ আজিজুর রহমান, সাবেক স্পীডবোট চালক বর্তমানে ফোরম্যান (সাময়িক বরখাস্তকৃত) উপরোক্ত কার্য করে এরূপ আচরণ প্রদর্শন করেছেন যা অসদাচরণ, পলায়ন,তহবিল তছরুফ/প্রতারণা ও সুষ্ঠু নিয়ম শৃংখলা পরিপন্থী এবং তা করে আপনি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮(খ), (গ) ও (চ) মোতাবেক অপরাধ করেছেন যার জন্য উক্ত প্রবিধানমালার প্রবিধান ৪৯ (১)(খ) অনুযায়ী আপনার উপর যে কোন দন্ড আরোপের অবতারণা হয়।

৬। যেহেতু, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ মোতাবেক প্রস্তাবিত দন্ড কেন আপনার উপর আরোপ করা হবে না সে লক্ষ্যে অত্র পরিদপ্তরের স্মারক নং-১৩০-পাউবো/শৃং/শা-২/অভি(খ)-০২/২০০৪(২য় খন্ড) তারিখ ১০-০৬-২০২০ খ্রিঃ মোতাবেক অভিযোগনামা আনয়ন পূর্বক কার্যধারা সূচনা করতঃ প্রবিধানমালার প্রবিধান ৫২(১)(খ) অনুযায়ী উক্ত অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্য দিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনের স্বপক্ষে লিখিত বিবৃতি দাখিলের জন্য পত্র প্রেরণ করা হয়। সে প্রেক্ষিতে আপনি বিগত ২০-০৬-২০২০ খ্রিঃ তারিখে জবাব দাখিল করেন।

৭। যেহেতু, আপনার বিরুদ্ধে সূচিত কার্যধারায় আনীত অভিযোগনামার জবাব অধিকতর যাচাইয়ের জন্যে অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-১৪৬-পাউবো/শৃং/শা-২/অভি(খ)-০২/২০০৪(২য় খন্ড) তারিখ ১৫-০৭-২০২০ খ্রিঃ মোতাবেক ০৩(তিন) সদস্য বিশিষ্ট বিভাগীয় তদন্ত কমিটি গঠন করা হয়। নিয়োগকৃত তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনান্তে আপনার বিরুদ্ধে অভিযোগনামায় আনীত অভিযোগ সঠিক প্রমাণিত হওয়ায় আপনি দোষী সাব্যস্ত হয়েছেন সেহেতু বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ (১)(খ)(উ) মোতাবেক আপনাকে ০৬-০৪-১৯৮২ খ্রিঃ তারিখ হতে বাপাউবোর্ডের চাকরি হতে ''বরখাস্ত'' (dismissal from service) দন্ড আরোপ করার জন্য কর্তৃপক্ষ কর্তৃক প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৮। অতএব, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ (১)(খ)(উ) মোতাবেক আপনার উপর কেন ০৬-০৪-১৯৮২ খ্রিঃ তারিখ হতে "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হবে না, বর্ণিত প্রবিধানমালার প্রবিধান ৫২(৬) মোতাবেক ৭(সাত) কার্যদিবসের মধ্যে অত্র পরিদপ্তর বরাবর কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। সে সঙ্গে উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২(৫) মোতাবেক তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি এতদসংগে প্রেরণ করা হলো।

৯। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

সংযুক্তিঃ তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি ।

১২/০৭/২০২২

(প্রনয় কুমার প্রামানিক)
পরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৩১২৩১০১৪

প্রাপকঃ

১। জনাব মোঃ আজিজুর রহমান, ফোরম্যান (সাময়িক বরখাস্তকৃত), পওর পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (সাবেক মাষ্টাররোল স্পীডবোট চালক, বরিশাল যান্ত্রিক বিভাগ (বিএডিসি), বাপাউবো, বরিশাল)।

২। জনাব মোঃ আজিজুর রহমান, পিতা- জনাব মহব্বত আলী হাওলাদার, গ্রাম- আলেকান্দা, পোঃ বরিশাল, থানা- কোতয়ালী, জেলা-বরিশাল।

অনুলিপিঃ

১। প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।
২। সচিব, বাপাউবো, ঢাকা।
৩। পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পওর পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। অত্র কারণ দর্শানো পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫। সিএসওটু, মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রঃ), বাপাউবো, ঢাকা।

E/Asma/Showcause.P-6